বাংলা আজ যা ভাবে

সংবাদ নয়া জামানা

সান্ধ্য সংস্করণ

২৭ জ্যৈষ্ঠ ।। ১৪৩৩।। বৃহস্পতিবার ১১ জুন ২০২৬ ।। ১ ম বর্ষ ৩৬৮ সংখ্যা ।। ২পাতা

মিস ইউ দিদি', হাত ছাড়লেও শতাব্দীর হৃদয়ে এখনও মমতা !



২২-এর ঘটনা ২৬-এ মনে করিয়ে মমতাকে বিরাট শর্ত কল্যাণের



লাফিয়ে বাড়ছে ইবোলা ! কঙ্গোয় আক্রান্তের সংখ্যা বেড়ে ৬৩৫



## গুরুত্ব চা-আমে

# উত্তরে ব্যবসায়ীদের বৈঠকে

# বাজেটে বিশেষ প্রতিশ্রুতি অর্থমন্ত্রীর



**নয়া জামানা ঃ** আগামী ২২ জুন রাজ্যের নতুন বিজেপি সরকারের প্রথম বাজেট পেশ হতে চলেছে। তার আগেই প্রাক-বাজেট আলোচনার জন্য উত্তরবঙ্গ সফরে এলেন রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। বুধবার রাতেই শিলিগুড়িতে পৌঁছান তিনি। বৃহস্পতিবার উত্তরকন্যায় উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক, অর্থ প্রতিমন্ত্রী আনন্দময় বর্মন, প্রশাসনিক কর্তা এবং স্থানীয় ব্যবসায়ী মহলের সঙ্গে

বিস্তারিত বৈঠক করেন তিনি ।বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অর্থমন্ত্রী জানান, এই প্রথম সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে, তাঁদের চাহিদা ও সমস্যা বুঝে বাজেট তৈরি করা হচ্ছে। পূর্ববর্তী তৃণমূল সরকারকে নিশানা করে তিনি কটাক্ষ করেন, আগে তো ট্রেডমিল থেকে বাজেট হতো ।উত্তরবঙ্গের ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি মেনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘোষণায় অর্থমন্ত্রী জানান, আসন্ন বাজেট অধিবেশনে উত্তরবঙ্গে জিএসটি ট্রাইব্যুনাল স্থাপনের প্রস্তাব রাখা হবে। এতদিন জিএসটি সংক্রান্ত যে কোনও সমস্যায় উত্তরবঙ্গের ব্যবসায়ীদের কলকাতায় ছুটে যেতে হতো। নতুন ট্রাইব্যুনাল হলে সেই ভোগান্তি আর থাকবে না।

এছাড়া চা বাগান সংকট এবং মালদহের আম বাণিজ্যের সমস্যাও এদিনের বৈঠকে উঠে আসে। অর্থমন্ত্রী আশ্বাস দেন, ধাপে ধাপে চা শিল্পের সমস্যার সমাধান করা হবে এবং মালদহের আম বাণিজ্যের উন্নয়নেও বাজেটে প্রস্তাব রাখা হবে ।অর্থমন্ত্রী স্পষ্ট করেন, এটি একটি ৮ মাসের বাজেট।

তবে উত্তরবঙ্গের উন্নয়নকে রাজ্য সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বলে তিনি দাবি করেন। বাজেট অধিবেশনে উত্তরবঙ্গের ঘরে ঠিক কতটা প্রাপ্তি আসে, এখন সেটাই দেখার।

# পড়াশোনায় চাকরির বিশ্বাস ফেরানোই

# একমাত্র লক্ষ্য ঃ দীপক বর্মণ



**নয়া জামানা ঃ** স্কুল শিক্ষা দপ্তরের নবনিযুক্ত মন্ত্রী দীপক বর্মণ বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। সল্টলেকের বিকাশ ভবনে দপ্তরের কার্যভার নিয়ে তিনি জানান, মানুষের মধ্যে এই বিশ্বাস ফিরিয়ে আনাই তাঁর প্রধান লক্ষ্য যে, পড়াশোনা করলে চাকরি পাওয়া যায় ।আলিপুরদুয়ারের ফালাকাটার বিধায়ক দীপক বর্মণ বলেন, বর্তমানে ছাত্রছাত্রীরা মানতেই চাইছে না যে পড়াশোনার মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিত হওয়া সম্ভব। তৃণমূল সরকারের আমলে ২৬ হাজার শিক্ষক চাকরি হারানোর পরিপ্রেক্ষিতে এই বিশ্বাস ফেরানো এই মুহূর্তে সবচেয়ে কঠিন কাজ বলে তিনি মনে করেন ।মন্ত্রী বলেন, আগের সরকার এই দপ্তরকে যতটা নিচে নামিয়েছে, তার থেকে আর নিচে নামানো সম্ভব নয়। তাই আমার জন্য কাজটা কিছুটা সহজ ।তিনি আরও জানান, সবার আগে ছাত্র ও শিক্ষকদের এক ছাতার তলায় নিয়ে আসাটাই হবে তাঁর প্রথম পদক্ষেপ।

## ইস্তফা দিলেন কোয়েল




**নয়া জামানা ঃ** দিন কয়েক ধরেই শোনা যাচ্ছিল যে, রাজ্যসভার সদস্যপদ ছাড়তে পারেন কোয়েল মল্লিক। শেষমেশ সেই জল্পনা সত্যি করেই বৃহস্পতিবার ইস্তফা দিলেন টলিউড অভিনেত্রী। এ যেন প্রত্যাশিতই ছিল! সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব, প্রকাশ চিক বরাইকরা একে একে নিজের ইস্তফাপত্র রাজ্যসভার চেয়ারম্যানের কাছে পাঠিয়েছেন। এবার রাজ্যসভার সাংসদ পদ ছাড়লেন কোয়েল মল্লিক। অতঃপর রাজ্যসভায় যে তৃণমূল কার্যত ধূলিস্যাৎ হওয়ার পথে, তা বলাই বাহুল্য।

## বিপদ সীমা ছুঁইছুঁই তিস্তা



**নয়া জামানা ঃ** বর্ষার প্রথম বৃষ্টিতেই বিপদসীমা প্রায় ছুঁয়ে ফেলেছে তিস্তা। বুধবার রাতে মেখলিগঞ্জ সীমান্ত এলাকায় হলুদ সতর্কতা জারি করেছিল সেচ দপ্তর। মঙ্গলবার কেরল হয়ে বর্ষার মেঘ ঢুকেছে উত্তরে। বুধবার সকাল থেকে বর্ষার বৃষ্টিতে ভিজেছে জলপাইগুড়ি। সিকিম পাহাড়ে বৃষ্টির জেরে গজলডোবা ব্যারেজ থেকে দফায় দফায় জল ছাড়ায় জলস্তর বেড়েছে তিস্তার। বাংলাদেশ সীমান্ত সংলগ্ন মেখলিগঞ্জে তিস্তা নদীর অসংরক্ষিত এলাকায় হলুদ সতর্কতা জারি করা হয়েছিল সেচ দপ্তরের তরফে। তবে বৃহস্পতিবার সকালে তা তুলে নেওয়া হয়েছে। আবার সন্ধ্যার পর পরিস্থিতি বুঝে ফের সতর্কতা জারি হতে পারে।

## সেবাশ্রয়েও দুর্নীতি



নয়া জামানা ঃ মাটি খুঁড়তেই সেবাশ্রয়ের লোগো লাগানো প্রচুর ওষুধ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল ডায়মন্ড হারবারের হিঙ্গাবেড়িয়ায়। এই ওষুধগুলির মূল্য কয়েক কোটি টাকা বলে অভিযোগ উঠেছে। এই ঘটনায় জড়িয়েছে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেবাশ্রয়ের নাম। কেন ওষুধগুলি মাটিতে পুঁতে রাখা হয়েছিল তা নিয়ে প্রশ্ন উঠেছে। এই ঘটনায় দুর্নীতির অভিযোগ তুলেছে বিজেপি। অভিযোগের তির মগরাহাট পশ্চিমের বিধায়ক শামীম আহমেদের দিকে। যদিও এসব অভিযোগ পুরোপুরি অস্বীকার করেছে তৃণমূল। তাদের দাবি, ওষুধগুলি মেয়াদ উত্তীর্ণ।

# টেন্ডার দুর্নীতির অভিযোগে বিজেপি পঞ্চায়েত প্রধানকে ঘিরে বিক্ষোভ

**বাবলু রহমান,নয়া জামানা, জলপাইগুড়ি ঃ** যেখানে রাজ্য জুড়ে তৃণমূলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে সরব শাসক দল ।সেখানেই ধূপগুড়িতে দেখা গেল উল্টো ছবি ।টেন্ডার বণ্টনে অনিয়মের অভিযোগ তুলে নিজেদেরই দলীয় প্রধানের বিরুদ্ধে বিক্ষোভে সামিল হলেন বিজেপির একাংশ কর্মী-সমর্থক বলেই দাবী ।শুধু বিক্ষোভই নয়, কিছু সময়ের জন্য প্রধানকে ঘিরে বিক্ষোভ দেখানো হয় বলেও অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার উত্তপ্ত হয়ে ওঠে ধূপগুড়ি ব্লকের গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েত চত্বর। অভিযোগ, কয়েক মাস আগে একটি সৌরচালিত পানীয় জল প্রকল্পের জন্য প্রায় ২১ লক্ষ টাকার টেন্ডার ডাকা হয় ।সেই টেন্ডার প্রক্রিয়ায় ব্যাপক অনিয়ম হয়েছে বলে দাবি বিক্ষোভকারীদের। তাঁদের অভিযোগ, পঞ্চায়েত কর্তৃপক্ষের মদতেই নির্দিষ্ট এক ব্যক্তিকে কাজ পাইয়ে দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে একাধিক বার অভিযোগ জানানো হলেও প্রশাসনের




তরফে কোনও পদক্ষেপ করা হয়নি বলেও দাবি তাঁদের ।এর প্রতিবাদেই এদিন গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে বিক্ষোভে ফেটে পড়েন বিজেপির একাংশ কর্মী-সমর্থক। পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হয়ে উঠলে ঘটনাস্থলে পৌঁছায় ডাউকিমারী ফাঁড়ির পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী ।পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। বিক্ষোভকারী ও স্থানীয় ঠিকাদার খগেশ্বর রায়ের অভিযোগ, স্থানীয় এক তৃণমূল নেতার ভাইকে অর্থের বিনিময়ে টেন্ডার পাইয়ে দেওয়া হয়েছে। প্রশাসনের কাছে বারবার অভিযোগ জানিয়েও কোনও লাভ না হওয়ায় তাঁরা আন্দোলনে নামতে বাধ্য হয়েছেন। তিনি নিজেও বিজেপির কর্মী বলে জানান। অন্যদিকে, বিজেপির পশ্চিম মণ্ডল সভাপতি পলাশ বসাক দাবি করেছেন, দলের পক্ষ থেকে কোনও কর্মসূচি ছিল না। তাঁর বক্তব্য, কয়েক জন ব্যক্তি সেখানে উপস্থিত থাকতে পারেন, কিন্তু বিজেপির নেতৃত্বে কোনও বিক্ষোভ হয়নি ।যদিও সমস্ত অভিযোগ উড়িয়ে দিয়েছেন গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতের প্রধান বিজয় রায়। তাঁর দাবি, সরকারি নিয়ম মেনেই টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অভিযোগকারীদের ব্যক্তিগত স্বার্থ জড়িত রয়েছে বলেই এই বিতর্ক তৈরি করা হচ্ছে।

# বেহাল রাস্তার প্রতিবাদে আশাকর্মীদের বিক্ষোভ

**মোহম্মদ আলম, নয়া জামানা, ইসলামপুর ঃ** দীর্ঘদিন ধরে রামগঞ্জ বাজার সংলগ্ন পিডব্লিউডি রাস্তার বেহাল অবস্থা এবং জলনিকাশি সমস্যার প্রতিবাদে বৃহস্পতিবার রামগঞ্জ হাসপাতালের সামনে বিক্ষোভে সামিল হন আশাকর্মীরা। তাঁদের অভিযোগ, সামান্য বৃষ্টিতেই রাস্তা জলমগ্ন হয়ে পড়ে, যার ফলে রোগী, গর্ভবতী মহিলা, স্কুল-কলেজের পড়ুয়া এবং সাধারণ মানুষের যাতায়াতে চরম দুর্ভোগের সৃষ্টি হয় ।স্থানীয়দের দাবি, এই রাস্তার দুরবস্থা নতুন নয়। অতীতেও বিভিন্ন রাজনৈতিক দল, সংগঠন এবং টোটোচালকরা একাধিকবার রাস্তা সংস্কারের দাবিতে আন্দোলন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন। টোটো চালকদের অভিযোগ, রাস্তার বড় বড় গর্ত ও জল জমার কারণে প্রায়শই দুর্ঘটনার আশঙ্কা তৈরি হয়।



অনেক সময় টোটো উল্টে যাওয়ার ঘটনাও ঘটেছে। শুধু তাই নয়, জলমগ্ন রাস্তায় পড়ে গিয়ে আহত হওয়ার অভিযোগ রয়েছে পড়ুয়াদের মধ্যেও। আশাকর্মীদের বক্তব্য, রামগঞ্জ হাসপাতালের সামনে জল জমে থাকায় রোগী পরিবহনে ব্যাপক সমস্যা হয়। বিশেষ করে গর্ভবতী মহিলা ও জরুরি পরিষেবার ক্ষেত্রে এই সমস্যা আরও প্রকট হয়ে ওঠে। বারবার প্রশাসনের নজরে বিষয়টি আনা হলেও স্থায়ী সমাধান না হওয়ায় তাঁরা রাস্তায় নেমে প্রতিবাদ জানাতে বাধ্য হয়েছেন ।বিক্ষোভের জেরে কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয় এবং রাস্তার দুধারে যানজটের সৃষ্টি হয়। পরে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় রামগঞ্জ আউটপোস্টের পুলিশ। পুলিশের হস্তক্ষেপে বিক্ষোভকারীরা কর্মসূচি প্রত্যাহার করেন ।এলাকার বাসিন্দাদের একটাই দাবি;বর্ষার মরশুমে ভোগান্তি এড়াতে দ্রুত রাস্তা সংস্কার এবং কার্যকর জলনিকাশি ব্যবস্থার ব্যবস্থা করুক প্রশাসন। বছরের পর বছর ধরে চলা এই সমস্যার স্থায়ী সমাধান চান রামগঞ্জবাসী।

# বালি-পাথর পাচারের অভিযোগে আটক ২ গাড়ি, তদন্তে পুলিশ

**অভিজিত চক্রবর্তী, নয়া জামানা, আলিপুরদুয়ার ঃ** অসম-বাংলা সীমান্ত সংলগ্ন কুমারগ্রাম ব্লকের পাকরিগুড়ি এলাকায় বুধবার গভীর রাতে অবৈধভাবে নদী থেকে বালি ও পাথর পাচারের অভিযোগে দুটি বিশালাকার ভারী গাড়ি আটক করাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়াল। পুলিশ সূত্রে খবর, নদী থেকে অবৈধভাবে খনিজ সামগ্রী তোলার এই ঘটনার তদন্ত শুরু হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার গভীর রাতে অন্ধকারের সুযোগ নিয়ে সংকোশ নদী থেকে বালি ও পাথর বোঝাই করে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। গোপন সূত্রে এই খবর পেয়ে এলাকার কিছু বালি-পাথর ব্যবসায়ী এবং স্থানীয় বিজেপি কর্মীরা পাকরিগুড়ি এলাকায় ওত পেতে থাকেন। এরপর সেখানে একটি ১৪ চাকার ট্রাক এবং একটি ১৮ চাকার ডাম্পার গাড়িকে আটক করেন তারা। ভুয়ো রয়্যালটির অভিযোগ , গাড়ি দুটিকে আটক করার পর চালকদের কাছে বৈধ নথি এবং রয়্যালিটি রসিদ



দেখতে চাওয়া হলে বড়সড় অসঙ্গতি ধরা পড়ে। একটি গাড়ির চালক কোনও রকম বৈধ কাগজপত্রই দেখাতে পারেননি ।অন্য গাড়িটিতে সংকোশ নদী থেকে পাথর তোলা হলেও, চালক রায়ডাক ২ নম্বর নদীর হেমাগুড়ি এলাকার রয়্যালিটি রসিদ দেখান। অর্থাৎ, এক জায়গার রসিদ দিয়ে অন্য জায়গার সামগ্রী পাচারের চেষ্টা করা হচ্ছিল ।এই ঘটনাকে কেন্দ্র করে তীব্র ক্ষোভ তৈরি হয়েছে স্থানীয় মহলে। বৈধ ব্যবসায়ীদের দাবি, তারা সমস্ত নিয়ম মেনে এবং সরকারি রাজস্ব দিয়েও ঠিকঠাক ব্যবসা করতে পারছেন না। অথচ কিছু অসাধু চক্র বাইরে থেকে এসে এভাবে রমরমিয়ে অবৈধ কারবার চালাচ্ছে ।স্থানীয় বিজেপি কর্মী মদন রায় এই বিষয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেন এলাকার সাধারণ মানুষ কষ্ট করে দু'মুঠো খেয়ে-পরে বেঁচে থাকার জন্য লড়াই করছে। আর বাইরে থেকে লোক এসে এখানে অবৈধভাবে এসব কাণ্ড ঘটাবে, সেটা কোনোভাবেই হতে দেওয়া হবে না। আমরা পুরো বিষয়টি বিজেপির ঊর্ধ্বতন নেতৃত্বকে অবশ্যই জানাব ।খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় কুমারগ্রাম থানার অন্তর্গত বারবিশা ফাঁড়ির পুলিশ। তারা গাড়ি দুটিকে বাজেয়াপ্ত করে থানায় নিয়ে যায়। পুলিশ সূত্রে জানা গেছে, আটক হওয়া গাড়ি দুটির মধ্যে একটি উত্তর দিনাজপুরের রায়গঞ্জের দিকে এবং অন্যটি কোচবিহারের দিনহাটার উদ্দেশ্যে যাচ্ছিল ।গাড়ি দুটিকে আটক করার পাশাপাশি দুই চালককেও আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এই চক্রের পেছনে আর কারা জড়িত রয়েছে, তা খতিয়ে দেখতে সম্পূর্ণ ঘটনার তদন্ত শুরু করেছে কুমারগ্রাম থানার পুলিশ।

# স্কুলে ফিরতেই তৃণমূল নেতাকে ঘিরে ডিম থেরাপি, বিক্ষোভে গ্রামবাসী

**অপূর্ব বর্মন,নয়া জামানা,মালদহ ঃ** বামনগোলা ব্লকের পারহবিনগর এলাকায় তৃণমূল নেতা তথা স্থানীয় স্কুলের প্রধান শিক্ষক অমল কিস্কুকে ঘিরে তীব্র উত্তেজনা ছড়াল। বৃহস্পতিবার সকালে তিনি বিদ্যালয়ে আসতেই ক্ষুব্ধ গ্রামবাসীরা তাঁকে লক্ষ্য করে চোর চোর স্লোগান দেওয়ার পাশাপাশি ডিম ছোড়েন বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শেষ পর্যন্ত পুলিশকে হস্তক্ষেপ করতে হয়। উল্লেখ্য, অমল কিস্কু মালদহের হবিবপুর বিধানসভার প্রাক্তন তৃণমূল প্রার্থী এবং আরটিএ সদস্য ।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে প্রার্থী হওয়ার পর থেকেই তৃণমূলের এই নেতা বিদ্যালয়ে নিয়মিত আসতেন না। ছাত্রদের পড়াশোনার ক্ষতি করে তিনি নেতাগিরি করে বেড়াতেন বলে দাবি গ্রামবাসীদের। প্রধান



শিক্ষকের এই অনুপস্থিতি নিয়ে ইতিপূর্বে একাধিকবার প্রশাসনের কাছে লিখিত অভিযোগ এবং গণস্বাক্ষর সম্বলিত আবেদনপত্র জমা দেওয়া হয়েছিল। কিন্তু তৎকালীন প্রশাসন কোনও কার্যকর ব্যবস্থা নেয়নি বলেই অভিযোগ স্থানীয়দের ।জানা গিয়েছে, দীর্ঘদিন পর বৃহস্পতিবার সকালে অমল কিস্কু পারহবিনগর প্রাথমিক বিদ্যালয়ে পৌঁছতেই গ্রামবাসীদের ক্ষোভের মুখে পড়েন। ক্ষুব্ধ বাসিন্দারা স্কুলের গেটে তালা লাগিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে খবর দেওয়া হয় থানায়। পরে ঘটনাস্থলে পৌঁছায় স্থানীয় ভিলেজ পুলিশ। নিরাপত্তার স্বার্থে তারা অমল কিস্কুকে উত্তেজিত জনতার হাত থেকে উদ্ধার করে নিয়ে যায় ।বিক্ষোভকারী স্থানীয় বাসিন্দারা বলেন,একজন শিক্ষক হিসেবে ছাত্রদের শিক্ষা না দিয়ে উনি দলবাজি করে বেড়াতেন। স্কুলের দিকে ওঁর কোনও খেয়াল ছিল না। বারবার জানিয়েও যখন প্রশাসন ব্যবস্থা নেয়নি, তখন আমাদের বাধ্য হয়েই পথ আটকাতে হয়েছে। আমরা ওঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থার দাবি জানাচ্ছি ।এই ঘটনাকে কেন্দ্র করে গোটা এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। তবে তাঁর বিরুদ্ধে ওঠা এই সমস্ত অভিযোগ প্রসঙ্গে তৃণমূল নেতা অমল কিস্কুর কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# স্বস্তির বৃষ্টি, ভ্যাপসা গরম থেকে খানিকটা মুক্তি

নয়া জামানা , মুর্শিদাবাদ ঃ দীর্ঘ কয়েকদিনের প্রচণ্ড ভ্যাপসা গরম ও অস্বস্তিকর আবহাওয়ার পর অবশেষে জঙ্গিপুরে নামল স্বস্তির বৃষ্টি। বৃষ্টির ফোঁটায় কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস ফেললেন সাধারণ মানুষ। দুপুরের পর হঠাৎ আকাশ কালো করে বৃষ্টি নামতেই রাস্তাঘাটে দেখা যায় ভিন্ন চিত্র। অনেক পথচলতি মানুষ বৃষ্টিতে ভিজে উপভোগ করেন প্রকৃতির এই পরিবর্তন। বিশেষ করে যুবক-যুবতীদের মধ্যে বৃষ্টিতে ভিজে আনন্দ করার প্রবণতা বেশি লক্ষ্য করা যায়। ভ্যাপসা গরমে অতিষ্ঠ মানুষজন বৃষ্টিকে স্বাগত জানান হাসিমুখে। তবে চিকিৎসকদের মতে, এই সময় বৃষ্টিতে ভিজলে সর্দি-কাশি, জ্বর ও বিভিন্ন



ভাইরাল সংক্রমণের সম্ভাবনাও বেড়ে যায়। তাই বৃষ্টিতে ভেজার পর দ্রুত শুকনো পোশাক পরা ও প্রয়োজনীয় সতর্কতা নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে ।পথচলতি জনি শেখ ও রাসেল শেখ জানান, গত কয়েকদিনের গরমে খুব কষ্ট হচ্ছিল। বৃষ্টি নামতেই আর নিজেকে সামলাতে পারিনি। ভ্যাপসা গরম থেকে রেহাই পেতেই আমরা বৃষ্টিতে ভিজছিলাম। অনেক ভালো লাগছে ।বৃষ্টির ফলে আবহাওয়ায় কিছুটা শীতলতা ফিরে এসেছে। যদিও কৃষক ও সাধারণ মানুষ আশা করছেন, আগামী দিনেও এমন বৃষ্টি অব্যাহত থাকলে গরমের তীব্রতা আরও কমবে এবং জনজীবনে স্বস্তি ফিরবে।